

## প্রথম অধ্যায়

### তথ্য ও যোগাযোগ প্রযুক্তি : বিশ্ব ও বাংলাদেশ প্রেক্ষিত

#### মডেল--০৬

১. ► উদ্দীপকটি পড় এবং নিচের প্রশ্নগুলোর উত্তর দাও:

মি: রাজীব একটি কোম্পানীর উচ্চ পদে কর্মরত। একদিন সে কোম্পানিটির ফ্যাক্টরী পরিদর্শনে গেল। ফ্যাক্টরীতে প্রবেশের সময় নির্দিষ্ট যন্ত্রের দিকে তাকানোর ফলে প্রবেশদ্বার খুলে গেল। ফ্যাক্টরীর ভিতরে প্রবেশের পর সে খেয়াল করল উৎপাদিত ভারী পণ্য স্থানান্তর করতে কয়েকজন শ্রমিক কাজ করছে। সে একটি যন্ত্রের কল্পনা করল যে সহজেই পণ্যসমূহ স্থানান্তর করতে পারে। ফ্যাক্টরী হতে বের হওয়ার সময় সে অপর একটি যন্ত্রের উপর আঙ্গুল রাখার পর ফ্যাক্টরীর প্রবেশদ্বার খুলে গেল।

ক. অফিস অটোমেশন কী?

খ. হ্যাকিং একটি অনৈতিক কর্মকাণ্ড— ব্যাখ্যা কর।

গ. রাজীবের কল্পনায় তথ্য প্রযুক্তির সাম্প্রতিক কোন প্রবণতা ফুটে উঠেছে— ব্যাখ্যা কর।

ঘ. ফ্যাক্টরীর নিরাপত্তায় প্রবেশ ও বের হওয়ার সময় ব্যবহৃত পদ্ধতি দুটির মধ্যে গ্রহণযোগ্যতা বিশ্লেষণ কর।

২. ► গাইবান্ধার কৃষক রহিম আলি ২ বিঘা জমিতে ধান চাষ করেন এ বছর ধানের শীষ যথেষ্ট না আসায় তিনি তার ধান ক্ষেতের বিভিন্ন অংশের ছবি ল্যাপটপের মাধ্যমে কৃষি সম্প্রসারণ কেন্দ্রে পাঠালেন পরামর্শের জন্য। কৃষি সম্প্রসারণ কেন্দ্র ছবি পর্যবেক্ষণ করে দেখলেন চারাগুলি পোকা দ্বারা আক্রান্ত। তাঁরা রহিম আলিকে সঠিক কীটনাশক পর্যাপ্ত পরিমাণে দেওয়ার পরামর্শ দিলেন এবং ভবিষ্যতে উৎপাদন বৃদ্ধির জন্য উন্নতমানের বীজ সংগ্রহ করতে বললেন।

ক. ইমেইল কি ?

খ. ব্যক্তি শনাক্তকরণে কোন প্রযুক্তি ব্যবহার করা হয় ব্যাখ্যা কর।

গ. উদ্দীপকে বর্ণিত কৃষক তার সমস্যা কোন প্রযুক্তির মাধ্যমে কৃষি সম্প্রসারণ কেন্দ্রকে অবগত করেন—ব্যাখ্যা কর।

ঘ. উদ্দীপকে বর্ণিত কৃষিসম্প্রসারণ কেন্দ্রের পরামর্শ প্রদানের ক্ষেত্রে ICT এর ভূমিকা বিশ্লেষণ কর।

৩. ► আহনাফ ল্যাপটপ ও ইন্টারনেট সংযোগ ব্যবহার করে ঘরে বসেই স্বাবলম্বী হয়েছে। আহনাফের ত্বকের কিছু কোষ ক্ষতিগ্রস্ত হয়েছে। কিন্তু প্রচলিত পদ্ধতিতে অপারেশনে সে প্রচণ্ডভাবে ভীত।

ক. রোবট কী ?

খ. কোন প্রযুক্তির ব্যবহারে পাটের জীবন রহস্য উন্মোচিত হয়েছে—ব্যাখ্যা কর।

গ. ভীত আহনাফ এখন কীভাবে চিকিৎসা নিয়ে সুস্থ হতে পারে ? ব্যাখ্যা কর।

ঘ. আহনাফের স্বাবলম্বী হওয়া কী বাংলাদেশের প্রেক্ষাপটে একটি অনুকরণীয় দৃষ্টান্ত? যৌক্তিকতা বিশ্লেষণ কর।